

বিজিবি'র অভিযানে গত আগস্ট মাসে ১০৭ কোটি ৫২ লক্ষাধিক টাকার চোরাচালান ও মাদকদ্রব্য জব্দ

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) গত আগস্ট মাসে দেশের সীমান্ত এলাকাসহ অন্যান্য স্থানে অভিযান চালিয়ে সর্বমোট ১০৭ কোটি ৫২ লক্ষ ৫৪ হাজার টাকা মূল্যের বিভিন্ন প্রকারের চোরাচালান ও মাদক দ্রব্য আটক করতে সক্ষম হয়েছে। আটককৃত মাদকের মধ্যে রয়েছে ৫,৯০,৬৬০ পিস ইয়াবা ট্যাবলেট, ৮,৫২৯ বোতল বিদেশী মদ, ৬৪১ লিটার বাংলা মদ, ২৭,৬০৩ বোতল ফেনসিডিল, ২,০৯৪ কেজি গাঁজা, ২ কেজি ৫৫০ গ্রাম হেরোইন, ১,০৬,৪০০ টি এ্যানেগ্রা/সেনেগ্রা ট্যাবলেট, ৬,৪০৫ টি ইনজেকশন এবং ৭৯,৪৪,৪৩৫ টি অন্যান্য ট্যাবলেট। এছাড়াও অন্যান্য চোরাচালান দ্রব্যের মধ্যে ১০,৬৫৭ পিস শাড়ী, ৩,১১৩ পিস থ্রি পিস/শার্ট পিস, ২,২১৭ মিটার খান কাপড়, ৪,০৯৭ টি তৈরী পোশাক, ৯,৭৯৮ সিএফটি কার্ট ও ১১ কেজি ৮৭৮ গ্রাম স্বর্ণ। এছাড়াও গত মাসে বিজিবি'র অভিযানে মাদক পাচারসহ অন্যান্য চোরাচালানে জড়িত থাকার অভিযোগে ৩১৪ জন এবং অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে ১১৩ জন বাংলাদেশী নাগরিককে আটক করে থানায় সোপর্দ করা হয়েছে। ভারত হতে বাংলাদেশে অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে ০৬ জন ভারতীয় নাগরিককে আটকপূর্বক ০১ জনকে বিএসএফ এর নিকট হস্তান্তর ও ০৫ জনকে থানায় সোপর্দ করা হয়েছে। বাংলাদেশ-মায়ানমার সীমান্তে ২১,৮৮৫ জন মায়ানমার নাগরিকের অবৈধ অনুপ্রবেশ প্রতিহত করা হয়েছে।

উল্লেখ্য, চলতি বছরের জানুয়ারি হতে আগস্ট মাস পর্যন্ত বিজিবি ৯২৫ কোটি ৬৮ লক্ষ ৩৮ হাজার ১৯৯ টাকা মূল্যের বিভিন্ন প্রকারের চোরাচালান ও মাদক দ্রব্য আটক করতে সক্ষম হয়েছে।